শ্রীশ্রী হক নাম ॥

ছহি বড় সোনাভান

সাএর

ছৈয়দ হামজা মরহুম সাহেব।

প্রকাশক

শ্রীযুক্ত ওলি উল্লা মিঞা

মতওল্লী চওক মছজিদ-ঢাকা

আমি এই কেতাব নিজ খরচের দ্বারায় ঢাকা চওকের মস্‌জিদের নীচে আমার আজিমী প্রেসে প্রথম সংস্করণ মুদ্রিত করিলাম।

প্রিণ্টার শ্রীহামিদর্‌রহমান খাঁ দ্বারা মুদ্রিত।

সন ১৯ ১৭ সন।

মূল্য এক /০ আনা মাত্র ॥

শ্রীশ্রী হক নাম ॥

ছহি বড় সোনাভান

সাএর

ছৈয়দ হামজা মরহুম সাহেব।

প্রকাশক

শ্রীযুক্ত ওলি উল্লা মিঞা

মতওল্লী চওক মছজিদ-ঢাকা

আমি এই কেতাব নিজ খরচের দ্বারায় ঢাকা চওকের মস্‌জিদের নীচে আমার আজিমী প্রেসে প্রথম সংস্করণ মুদ্রিত করিলাম।

প্রিণ্টার শ্রীহামিদর্‌রহমান খাঁ দ্বারা মুদ্রিত।

সন ১৯ ১৭ সন।

মূল্য এক /০ আনা মাত্র ॥

ছহি সোনাভান ॥

আল্লা ২ বল ভাই নবী কর সার ॥ নবীর কলেমা পড়ে হয়ে জাবে পার * আল্লা ২ বল ভাই জত মমিন গন ॥ মহাম্মদ হানিফার কিছু শুন বিবরন * জতেক কছেল্লা পাইল হানিফা পাহ্‌লওয়ান ॥ সে সব দুক্ষের কথা করিব বয়ান * বার জঙ্গ করে মর্দ্দ সেতাবে খবর ॥ তের জঙ্গ লেখা জায় টুঙ্গির সহর * সোনাভান নামে বিবি বাদসা সে সহরে ॥ কুওতের হদ্দ আল্লা দিয়াছে তাহারে ॥ এক রোজ সোনাভান কহেন উজিরে ॥ এয়ছা কেহ পারে জোরে পাছাড়ে আমারে উজির কহেন বিবি সোন সে খবর ॥ মহাম্মদ হানিফা নামে আরব্ব সহর * হজরত আলীর বেটা রছুলের নাতি ॥ আপনা কুওতে মর্দ্দ ফেড়ে ডালে হাতি * বড়া জোড়ওয়ার মর্দ্দ দুনিয়ার ভিতরে ॥ লড়িতে তাহার সাতে কেহ নাহি পারে * তাহার সহিত যদি চাহ লড়িবারে ॥ কোমর বান্দিয়া চল মদিনা সহরে * সোনাভান বলে আমি জাব মদিনায় ॥ হানিফা কেমন মর্দ্দ দেখিব তাহায় * মদিনার লোকে আমি বান্দিয়া আনিব ॥ তবেত আপন দেশে মুখ দেখাইব * একেলা জাইয়া যদি এ কাম নাকরি ॥ সোনাভান নাম আমি বৃথা তবে রাখি * উজির কহেন বিবি না কর বড়াই ॥ তার সাতে লড়ে কেহ দুনিয়াতে নাই * তকব্বরি জে কেহ করিল তার সাতে ॥ ছাজাই করিল তারে আপনার হাতে * আল্লার মেহের আছে হানিফা উপরে ॥ কেহ না আটিতে পারে দুনিয়া ভিতরে * সোনাভান বলে সোন উজির আমার আমি জে বড়াই করি আমার দেবতার * ঠাকুরের জোরে আমি করি এত জোর ॥ নহে কি বড়াই করি সাদ্ধ্য কিবা মোর * এ কথা শুনিয়া আল্লা হইল বেজার ॥ কার থায় কার গায় বড় অবিচার * হানিফা খোওাব দেখে পালঙ্গে সুইয়া ॥ টুঙ্গির সহরে জাও সেতাবি করিয়া *

সোনাভান নামে বিবি মদিনা সহরে ॥ জোরেতে ধরিয়া তুমি সাদি কর তারে * জোরের বড়াই করে নাদান আওরত ॥ আল্লাকে না চেনে মানে আপনার বোত * খোওাব দেখিয়া তুমি জদি থাক ঘরে ॥ বেজার হইবে আল্লা তোমার উপরে * এমন খোওাব মর্দ্দ দেখিল জখন ॥ নিন্দের খুমার গেল হইল চেতন * চারিদিগে চেয়ে দেখে না দেখে কাহারে ॥ ভাবিতে ২ আইল ঘরের দুয়ারে * হানিফার মাতারি দেখিয়া হানিফায় ॥ পুছিল কি হাল বাবা কহ না আমায় * হানিফা কহেন বাত মায়ের জেম্নাবে ॥ বড় মুস্কিলের বাত দেখিনু খোওাবে হানুফা বলেন বাবা কি স্বপন শুনী ॥ কি লাগিয়া দেল তেরা এত পেরেসানী খোওাবের ভেদ কহে মায়ের হুজুরে ॥ সোনাভান নামে বিবি টুঙ্গির সহরে * জোরের বড়াই করে না চিনে খোদায় ॥ বেহায়া আওরত ফেরে সয়তানী দাগায় * মদিনাতে আসে বিবি বান্ধিয়া কোমর ॥ আমাকে জাইতে হৈল মদিনা সহর * ফাতেমা কহেন জদি এমন দেখিলে ॥ বিদায় করিনু জাহ আল্লা ভেবে দেলে * এ কথা সুনিয়া মর্দ্দ কোমর বান্ধিয়া ॥ ছালাম করিয়া চলে বিদায় হইয়া * এগানা বেগানা ছিল জত দোস্তদার ॥ তাহারা আসিয়া কহে কিবা সমাচার * কি নাম কোথায় জাবে কহ পাহালওান ॥ হানিফা স্বপন কথা করিল বয়ান * আল্লা জদি ফতে দেয় আসিব ফিরিয়া ॥ নহে এই দেখা সুনা চলিনু করিয়া * এ কথা সুনিয়া সবে লাগিল কান্দিতে দোওা দিল আল্লা জেন দেয় তেরা ফতে * ইয়ার সবার কাছে বিদায় লইয়া ॥ বাহির দালানে মর্দ্দ পঁওছিল আসিয়া * ডাকিয়া হুকুম করে সইসের তরে ॥ জিনবন্দি করে ঘোড়া এনে দেহ মোরে * সহিস শুনিয়া ঘোড়া করিয়া তৈয়ার ॥ জবরদস্ত ঘোড়া জিন বান্ধিল সোনার সোনার লাগাম তার দিয়া আনে মুখে ॥ নেজা গোর্জ্জ তির তেগ কামান দুদিগে * সহিস আনিল ঘোড়া করিয়া সাজন ॥ হানিফা দেখিয়া খুসি করে মনে মন * বিছমিল্লা বলিয়া মর্দ্দ ঘোড়ায় চড়িল ॥ মায়ের নিকটে ফের আসিয়া পঁওছিল * হনুফা কহিল বাছা নিধনের ধন ॥ মদিনা জাবার তরে করিলে গমন * এতেক কহিয়া বিবি লাগিল কান্দিতে ॥ হানিফা কহেন মাতা কহি কদমেতে * হাসেন হোসেন ভাই আছে দুই জন ॥ পাছে নাকি দাগা দেয় আসিয়া দুস্মন * আপন খুসিতে মুঝে দেহনা বিদায় ॥ সেতাব খবর আনি জেয়ে মদিনায় * মোলাকাত করি আমি দুই ভাএর সাতে ॥ দোওা কর মামা জিউ পাই

জেন ফতে * কি জানি দু ভায়ে জদি মারে দাগা দিয়া ॥ আফ ছো-
ছের তিরে দিবে কলেজা ছেদিয়া * হুনুফা কহিল তুঝে সুপিনু
খোদায় ॥ সেতাব খবর লেহ জেয়ে মদিনায় * আলির ফরজন্দ তুমি
আমার সেকমে ॥ সরম না পাও জেন রাড়ের মহিমে * মায়ের হুকুম
লিয়া হানিফা মর্দ্দানা ॥ মদিনা জাইতে মর্দ্দ হইল রওানা * এলাহি
ভাবিয়া মর্দ্দ রাত দিন চলে ॥ কত দিনে মদিনা সহর গিয়া মেলে *
রওজা মোবারকে জেয়ে ভেজিল দরূদ ॥ দোওা মাঙ্গে নবী আগে
ইমান সাবুদ * দোওা কর নানা নবি জাব মহিমেতে ॥ কোন রূপে
ধরে আনি বেহায়া আওরতে * টুঙ্গির সহরে থাকে নাম সোনাভান ॥
পিট পরে আপনি রহিবে মেহেরবান * আওরত বাদশাই করে সহিতে
না পারি ॥ এই রূপে হানিফা মর্দ্দ করে বড়া জরি * রওজা মোবারক
হইতে বিদায় হইয়া ॥ ফাতেমা জোহরা জেথা পঁহুছিল জাইয়া *
হাসেন হোসেন ছিল দহলিজে বসিয়া ॥ হানিফা ছালাম করে কদম
চুমিয়া * হানিফার গলে ধরে মেলে দুইভাই ॥ খুসি খোসালিত দেলে
হইল সবাই * হাল হকিকত পুছে হানিফা খাতির ॥ হানিফা স্বপন
বাত করিল জাহীর * হাসেন হোসেন শুনে খোসাল অন্তর ॥ ফাতেমা
বিবির আগে দিলেন খবর * শুনিয়া ফাতেমা বিবি ডাকিল মহলে ॥
খুসির তুফান জেন বহে তার দেলে * হানিফা জাইয়া বোছা দিল
কদমেতে ॥ ফাতেমা করিল দোওা দেল খোসালেতে * হকিকত জত
সব পুছে হানিফায় ॥ হানিফা তামাম বাত কহিলেন মায় * স্বপনের
কথা জত কহে ফাতেমারে ॥ সুনিয়া ফাতেমা বলে ভয় কর কারে *
আওরত হইয়া জে করে এত জোর ॥ জাইয়া সাজাই কর ডর কিবা
তোর * এ কথা শুনিয়া আল্লা হইল বেজার ॥ আজ কেন নাম বিবী
ভুলিল আমার * থোড়েক সাজাই দিব হানিফার তরে ॥ দেখিব
ফাতেমা বিবি কি করিতে পারে * হেথা সে হানিফা মর্দ্দ খুসি খোসা-
লিতে ॥ মায়ের খেদমত করে থাকি মদিনাতে * দুই চারী রোজ এছা
গেল গোজরিয়া ॥ এক দিন স্বপন দেখে বিছানে শুইয়া * সোনাভান
নামে বিবি এসে ছেরানায় ॥ হানিফার গায়ে হাত আসিয়া ফেরায় *
হানিফা খোয়াবে কহে তুমি কোন জন ॥ টুঙ্গির সহরে থাকি কহিল
স্বপন * সোনাভানু নাম মেরা ছিনু আরামেতে ॥ তোমার ছুরত আমি
শুনিয়া কানেতে * সেই হইতে দেল মেরা আছে বেকারার ॥ টিকিতে
নাপারী আইনু দেখিতে দিদার * কাম অনলেতে পুড়ে হৈনু ছারখার॥

সর্ব্বাঙ্গ জুড়াও মোর করিয়া বিহার ❋ নহেত্ত মরিব পুড়ে আসক আগুনে ॥ হানিফা করিল তওবা হাত দিয়া কানে ❋ কি কহিলে নাহি কহ এমত কালাম ॥ বেগানা রাড়ের মুখ আমাকে হারাম ❋ রছুলের নাতি আমি আলীর ফরজন্দ ॥ ইহার লায়েক তুমি করিলে পছন্দ তবে জদি নেকা বেহা হয় তেরা সাতে ॥ তবেত মনের আগ পারি নিভাইতে ❋ বিবী বলে তবে তুমি জাবে মোর দেশে ॥ দুজনে করিব খুসি মনের আবেসে ❋ তার পরে হানিফার নিন্দ গেল ছুটে ॥ সাহা জাদি সোনাভান না দেখে নিকটে ❋ হায়২ করে মর্দ্দ উঠিল কান্দিয়া কোথা গেল সাহাজাদি আমারে তেজিয়া ❋ কবে ফের মোলাকাত হবে তার সাত॥ তুত্নি জবানের মত কে শুনাবে বাত ❋ জে রূপে দেখিনু আজ না দেখি কোথায় ॥ টুঙ্গীর সহরে জাব যা করে খোদায় বসিয়া রহিল মর্দ্দ হইয়া দেলগীর ॥ উঠিয়া চলিয়া গেল হইয়া বাহির কারে না কহিয়া মর্দ্দ ঘোড়ায় চড়িয়া ॥ হাতিয়ার পোসাগ লিয়া চলে নেকলিয়া ❋ কত দুর গিয়া মর্দ্দ রাহা ঢুড়ে ফেরে ॥ কেমনে জাইব আমি টুঙ্গীর সহরে ❋ কোন রাহে গেলে পাব বিবীরে দেখিতে ॥ মলাকাত কেমনেতে হবে তার সাতে ❋ কিছু না ঠেকানা পায় ভাবে দেলে ২ ॥ পয়ার ছাড়িয়া এবে ত্রিপদীতে বলে ❋

———○○ঃ❋(❋)❋ঃ○○———

ত্রিপদী ॥ হানীফা একেলা পথে, ভাবে জাব কেমনেতে, কে মোরে দেখায়ে দিবে রাহা ॥ আল্লা বীনে নাহি গতি, সেইত্ত সঙ্গের সাতী, তাহা বিনে নাহি মোর চাহা ❋ রাখ মার সব পার জোর নাহি চলে কার, তোমার মহিমা সে অপার ॥ দয়া জদি কর বারি, তবেত জাইতে পারি, নহে কিবা যোগ্যতা আমার ❋ এই রূপে জোড় হাত, করে মর্দ্দ মনাজাত, একিদাতে আল্লার দরগায় ॥ এলাহি হইল সখা, এক মর্দ্দ পাইল দেখা, খেজেরের মত সে রাস্তায় ❋ জুব্বা পিরহান গায়, খড়ম আছিল পায়, তছবি গলে আসা জে মুছার ॥ হানিফারে দেখে মর্দ্দ দেলেতে, পাইয়া দর্দ্দ, পুছে কেন আছহে লাচার ❋ হানিফা বলেন পীর, পেরেসান জে খাতির, সোন তুঝে কহি সে খবর ॥ সোনাভান বিবি নামি, তাহার আসক আমি, ঘর তার টুঙ্গির সহর ❋ খোওাবে দেখিয়া তারে, ঘরে না বলিয়া কারে, আইনু এই ময়দান বীচে কোন দিগে ঘর তার, নাহী জানী সমাচার, এ খবর পুছি কার কাছে আপনী মেহের করে, জান জদি কহ মোরে, তবে প্রাণ বাচে যে আমার ❋

কহে পীর হানিফারে, জাবে জদি সে সহরে, খাবে পিবে কি আছে তোমার ❋ ছয় মাস ময়দানেতে, লোক জন নাহি পথে, জাবে তবে পাবে সে সহর ॥ হানিফা শুনিয়া কয়, মনেতে পাইয়া ভয়, খাব কিবা সঙ্গে নাহি মোর ❋ পীর বলে জাহ ঘরে, বলে আইস সবাকারে, আর আন খাবার খোরাক ॥ এই রাহে জাহ তুমি, দেলে না করিবে গমি দেলে ভেবে জাহ আল্লা পাক ❋ খাব পিব নাহি সাতে, ঘরে জাব কেমনেতে, সরম হইবে বড় তায় ॥ হেক্মত করিয়া দেলে, আপনা ঘোড়াকে বলে, চলে জাব জা করে খোদায় ❋ শুনরে দুলদুল ঘোড়া, জোড় তুমি কর থোড়া, হয় তবে মতলব হাছেল ॥ ছয় মাসের রাহা গুনে, জেতে পার ছয় দিনে, তবেত খোসাল হয় দেল ❋ সুনিয়া দুল ২ ঘোড়া, খুসিতে কুদিল বড়া, হানীফা সওার হৈলতায় ॥ ঘোড়াকে এসারা করে, চলে ঘোড়া বাও ভরে, রাত্র দিন না থাকে কোথায় ❋ ছয় রোজ রাত দিনে, ছয় মাসের রাহা গুনে, গেল মর্দ্দ টুঙ্গির সহর ॥ সহরের বিচে গিয়া, ঘোড়া হৈতে ওতরিয়া, খোলে মর্দ্দ আপন কমর❋ ঘোড়া মাঠে চরে খায়, হানিফা বাজারে জায়, খায় মর্দ্দ রুটি ও কাবাব সেকম হইল পোর, গায়েতে হইল জোর, গাছি তলে পঙছিল সেতাব❋ নিন্দ জায় গাছ তলে, শুইয়া খোসাল দেলে, তার পরে পাইল চেতন সহরে ফিরীতে জায়, মহল দেখিতে পায়, ভাল ঘর দেখে খুসী মন ❋ গাথিয়াছে প্যাথরেতে, সোনা রূপার থাম তাতে, রতন কাঞ্চন দিয়া তায় ॥ ঘরের ছামানা জত, তাহা বা কহিব কত, এক মুখে বলা নাহি যায় ❋ তামাসা দেখিয়া ছারে, ফিরে আসে তার পরে, বৈসে সেই গাছের তলায় ॥ চেয়ে দেখে চারী পানে, বুড়ি এক সেই খানে, সেই রাহে বাজারেতে জায় ❋ বুড়ি যদি আইল কাছে, হানিফা তাহারে পোছে, কোথা জাবে কহ বুড়ি পীর ॥ বুড়ি বলে বাজারেতে কড়ি পয়সা লিয়া সাতে, জাব বাবা শুন মোছাফির ❋ হানিফা বলেন বুড়ি লিয়া জাও কত কড়ি, সুনে বুড়ি বলে তিন পন ॥ অধিন ফকির বলে রছুলের পাঙতলে, মিছু কামে গেল এ জীবন ❋

পয়ার ॥ হানিফা বলেন বুড়ি জাহ বাজারেতে ॥ তিনপন কড়ি লিয়া কি কিনিবে তাতে ❋ মোর এক কাম যদি পার করিবারে ॥ সোনা রূপার অলঙ্কার পরাব তোমারে ❋ বাজারে জাইতে তবে না হইবে আর ॥ ঘরে বসে খেতে পাবে জা হবে দরকার ❋ এ কথা সুনিয়া বুড়ি খুসি হয়ে দেলে ॥ তিনপন কড়ি ছিল সবদিল ফেলে ❋ বুড়ি কহে কহ

বাবা কি কাম করিব ॥ যে কাম কহিবে বাবা এখনি করিব * হানিফা বল্লেন বুড়ি সোন মেরা বাত ॥ সাদি দিতে পার কি না সোনাভানের সাত * খুব ভাতে নেওাজিব তোমার খাতির ॥ যাহা চাবে তাহা এনে করিব হাজির * একথা সুনিয়া বুড়ি চলিল তখন ॥ সোনাভানের নিকটেতে দিল দরশন * কান্দিতে ২ বুড়ি যায় ধিরে ২ ॥ সোনাভান জান দিয়া পুছিল তাহারে * সোনাভান বলে কেন কান্দ জারে জার কেবা তুঝে দিল বুড়ি এমন আজার * বুড়ি বলে সোনাভান আরজ আমার ॥ মেহের থাকিলে তেরা কে দিবে আজার * কোন বাতে দুনি-য়াতে নাহি পেরেসানী ॥ তোমার লাগিয়া আমি ভাবি রাত দিনে * জওানী ওমর তেরা দেখে ভাবি আমি ॥ এমন বয়সেতুমী না ভজ সওামী * সোনাভান বলে তুমী নাকান্দিও আর ॥ মুল্লুকে২ আমিদিছি সমাচার ॥ দেশে২ পরওানা দিয়াছি পাঠাইয়া ॥আমাকে চাহিয়া কুলিন না পাবে ঢুড়িয়া * আমার চাহিয়া রূপ জেয়াদা জে ধরে ॥ কুলেতে কুলীন হয় জোরেতে পাছাড়ে * জোরেতে জেয়াদা যেই পাছাড়িবে মোরে ॥ সওামী সেহবে মেরা ভজিব তাহারে * বুড়ি বলে সোনাভান বলি তেরাপায় ॥ রূপে গুনে এক মর্দ্দ দেখিনু রাহায় * তোমার চাহিয়া রূপ দেখিতে তাহার ॥ সম্বন্ধ করিয়া দিব মনে যদি লয় * সোনাভান বলে রূপ দেখিলে নয়নে ॥ আমার চাহিয়া জোর জানিলে কেমনে বুড়ি বলে দেখিনু যে উচা বড়া সান ॥ এখাতেরে তেরা আগে করিনু বয়ান * সোনাভান বলে বুড়ি চেন তুমি তারে ॥ কি নাম তাহার সেই থাকে কোথা কারে * বুড়ি বলে আমি তার নাজানী খবর ॥ বিবী বলে পুছ গিয়া থাকে কোন সহর * কি নাম তাহার আর কোন কুলে জর্ম্ম সেতাবী জানীয়া তুমি আইস তার মর্ম্ম * এই সব সমাচার কহিবে আমারে ॥ সাদির কারার তবে দিবজে তোমারে * এতেক সুনিয়া তবে করিল গমন ॥ হানিফার আগে গিয়া দিল দরসন * হানিফা দেখিয়া পুছে কহ সমাচার ॥ জে কামে ভেজীনু তুঝে কি হইল তার * বুড়ী বলে আগে তুমি দেহ পরিচয় ॥ সুনিয়া তোমার কুল রাজী যদী হয় হানিফা কহিল তারে আপনার নাম ॥ আলীর, ফরজন্দ আমি মদিনা মোকাম * রছুলের নাতী আমি জাতে মুছলমান ॥ জাইয়া খবর দেহ জেথা সোনাভান * বুড়ি বলে বাবা তুমি যে কহিলে কথা ॥ সুনিয়া সে সাহাজাদী কেটে লিবে মাথা * তুমি হৈলে মোছলমান তারা ত ব্রাহ্মণ ॥ তেরা সাতে সাদী হবে এ কথা কেমন * হানিফা কহেন মুঝে

জানে সোনাভান ॥ স্বপনের কথা জত করিল বয়ান * সোনাভান আসকেতে থাকিতে না পারে ॥ এক রাত্র গিয়াছিল আমার হুজুরে * এয়াদ দেলাবে তারে এই সব বাত ॥ খোসাল হইয়া তুঝে দিবেন খেলাত * এ কথা শুনিয়া বুড়ি করিল গমন ॥ সোনাভানের আগে গিয়া দিল দরশন*বুড়িকে দেখিয়া পুছেবিবী সোনাভান ॥ জে লাগিয়া গেলে কহ তাহার বয়ান * বুড়ী বলে সোনাভান সোন সে খবর আলীর ফরজন্দ ঘর মদিনা সহর * হানিফা তাহার নাম রছুলের নাতী হাছেন হোসেন ভাই মোছলমান জাতী * ছুরত জামাল মর্দ্দ বড় পাহালওান ॥ জাতের কুলীন সেই তোমার সমান * সোনাভান বলে বুড়ী সোন মেরা বাত ॥ সাদির উকিল হয়ে পাইলে কি খেলাত * বুড়ী বলে সোনাভান সোন সমাচার ॥ সেই মর্দ্দ দিবে মোরে অষ্ঠ অলঙ্কার * তাড়বালা বাজুবন্দ গলায় হাসলি ॥ সিতে পাটি চন্দ্রহার পায়েতে পাসলি * কানে কান বালা দিবে গলে দিবে হার ॥ হাতে চুড়ী পৌছি আর পাজেব সোনার * সোনাভান বলে বুড়ী তাহা পাবে পিছে ॥ সাদির খেলাত আগে লেহ মেরা কাছে * বুড়ী বলে বিবী তেরা আগে হোক বেহা ॥ ~~তাহা বাদে দিবে তেরা দেল চাহে জাহা~~ সোনাভান বলে বুড়ী এমন কভু হয় ॥ খালী হাতে কেমনেতে করিব বিদায় * এহা বলে সোনাভান ডাকে দাসী গনে ॥ এহার খেলাত সবে দেহ জনে ২ * এমন খেলাত দিবে থাকে কত দিন ॥ জত দিন বাচে জেন থাকে তার চিন * একথা শুনিয়া জত ছিল দাসী গন ॥ চড় ঘুসা লাঠি সোটা মারে জনে জন * কেহবা মাথার চুল ফেলে ওখাড়িয়া ॥ কেহবা চাবুকে পিট দিল ফাটাইয়া * বুড়ী বলে সোনাভান মাতার সমান তুমি ॥ আর না তোমাকে এই বাত কব আমি * ছেড়ে দেহ সাহাজাদী না হবে বৈমুখ ॥ মরে গেনু হায় ২ ফেটে জায় বুক * হুচিয়া ছেরের বাল চুন কালী গালে ॥ কোলকে পুড়ায়ে দিল বুড়ীর কপালে মরিবার মত বুড়ী কান্দিতে না পারে ॥ ধরাধরী করে ফেলে বাড়ীর বাহিরে * কতক্ষণ বাদে তবে পাইল চেতন ॥ হানীফার আগে গিয়া দিল দরশন * হানীফা কহেন বুড়ী কহ সমাচার ॥ জার তরে গেলে তুমি কি হইল তার * বুড়ী বলে ভাল কামে পাঠালে আমায় ॥ জেওর তফাতে থাক জান বাচা দায় * চড় ঘুসা লাঠি সোটা মারে কত শত মাথা মুড়াইয়া চুন কালী দিল কত * বড় আসা দিয়া মোরে করিলে উকিল ॥ ভাদুরে তালের মত মারে কত কীল * হেথা জেন বেচে

আইনু করিয়া ফিকীর ॥ কেমনে দেখাব মুখ নিকটে স্বামীর ❋ মজুরী করিয়া আনে কড়ি তিন পন ॥ পুছিবে কি হইল কড়ী কি কব তখন জে মার মারীল দাগ আছেত বদনে ॥ নেড়া মাথা লিয়া ঘরে জাইব কেমনে❋খালী হাতে কেমনেতে ঘরেতে জাইব ॥ কি খাইব সওামীকে কিবা খেতে দিব❋একথা বলিয়া বুড়ী কান্দে জারে২ ॥ হানীফা খাতের জমা করিল তাহারে ❋ হাতের অঙ্গুরী যে খুলীয়া আপনার ॥ বুড়ীকে শুপীয়া দিল করিতে বাজার ❋ বেচিয়া বাজার করে খাও বুড়ী মাই ॥ আল্লা চাহে এই দেশে করিবে বাদসাই ❋ বুড়ীকে বিদায় দিয়া হানীফা মর্দ্দানা ॥ ঘোড়ায় সওার হইল ভাবীয়া রব্বানা❋হাজার মোনের গোর্জ্জ বগলে দাবীয়া ॥ বাজারের রাহে মর্দ্দ খাড়া হৈল গিয়া ❋ গোস্বায় অজুদ কাপে দোন আখী লাল ॥ কি রূপে ঝগড়া হবে ভাবে সে খেয়াল ❋ সোনাভানের দাসী যত রূপের শুন্দরী ॥ জল আনিবারে সবে জায় সারি২ ❋ হানীফা পুছেন বাত জত দাসী গনে ॥ কোথা হৈতে আইলে জাইবে কোনখানে ❋ দাসী গন বলে আছে সোনাভান বিবি ॥ তাহার লাগিয়া জল আনিব সেতাবী ❋ সোনাভান নাম যবে হানীফা সুনিল বারুদের ঘরে যেন আগ লাগাইল ❋ সকলের কলসী যে ডালিল তুড়িয়া ॥ তামেচা মারিয়া দিল গাল ফাটাইয়া ❋ বেহদ্দ খাইয়া মার জায় গড়া গড়ি ॥ বিবিকে জাইয়া কেহ বলে দড় বড়ি ❋শুন বিবি সাহা জাদি আরজ আমার ॥ এক মর্দ্দ আসিয়াছে বড়ই গাঙার ❋ সোনাভান দাসীর মুখে শুনিয়া এহাল ॥ ভালত উকিল বুড়ী বাধালে জঞ্জাল ❋ সোনাভান বলে দাসী সুনহ ফরমান ॥ সেতাবী আনিয়া দেহ করিব জলপান ❋ এ বাত সুনিয়া দাসি করিল গমন ॥ কলসী ভরিয়া আনে দুধ বিসমন ❋ দুধে জলে ত্রিসমন করিল জলপান ॥ আসীমন খানা পুন খায় সোনাভান ❋ হাজার মনের গোর্জ্জ তুলে নিল হাতে ॥ আছিল লোহার জেরা পরিল গায়েতে❋সিঙ্গার করিয়া বিবী বামে বান্ধে খোপা তার পরে তুলে দিল গন্ধরাজ চাপা ❋ আছিল লোহার টোপ তুলে নিল ছেরে ॥ নেজা গোর্জ্জ তলওার ঢাল পিট পরে ❋ রাহেতে চলিল দস্ত করে কড় মড় ॥ এমন জোরেতে চলে বহে জেন ঝড় ❋ গাছ পালা হাতী উট যা পায় সমুখে ॥ ওখাড়িয়া ডালে সব ধন্দ লাগে দেখে ❋ সওার হইয়া বিবি ঘোড়ার উপরে ॥ ময়দানে চলিল বিবি হানীফা হুজুরে ❋ হানীফারে দেখে হাক মারে সোনাভান ॥ হুসিয়ার হৈল মর্দ্দ হানীফা পাহালওান ❋ হানীফা বলেন সুন সেহায়া আওরত ॥ মরদ

সামনে হাক এমন হেম্মত * ফুক শিশি মত জেন আওরতের জাত॥ সহজে টুটীবে মান গায়ে দিলে হাত * ফুক শিশি ফুকে তাঙ্গে আওরত তেমত॥ দেখিলে বেগান মর্দ্দ না থাকে হোরমত * জুবা নারী হয়ে তুমি আইলে বাহিরে॥ যৌবন কামের জালানার সহিবারে * নাহিকলজ্জারভয় এলে মহিমেতে॥ পাইনু সেকার আজনা দিবজাইতে সোনাভান বলে নেড়ে কর তকব্বরি॥ আসিয়া আমার সাতে কর বড়া জুরী * চাকরের মত নও হতে চাও সওামি॥ এখনি বুঝিবে তুমি জার জে মর্দ্দমি * বটের সমান তুমি ফের ডালে২॥ আসিয়া ঠেকিলে আজ বাঘের জঙ্গলে * হানীফা বলেন সোন বেহায়া আওরত॥ বটের সমান বল এতেক হেম্মত * আমি জদি বট হৈনু তুমি হইলে পাড়ী॥ ধরিয়া মাথার চূল লয়ে জাব বাড়ী * সোনাভান বলে নেড়ে সোনহ ফরমান তোমার আজল আমি বুঝিনু নীদান * হানিফা বলেন সুন কাফেরের জাত॥ আমাকে জে নেড়ে বল এতেক হেম্মত * দিনের এছলাম আমি তুমি বল নেড়ে॥ তুইজার বান্দি তারে আনিয়াছি ধরে * তোর চেয়ে ভাল নারী আছে মোরঘরে॥ বান্দি যে করিবতার আসিএখাতীরে স্বপনে আমার কাছে কেন গেলে তুমী॥ এখাতীরে তেরা দেসে আইনু জে আমি * আপনী কারার দীলে জেয়ে মদীনায়॥ তোমার কারারে আমি আইনু হেথায় * এতেক সুনিয়া বলে বীবী সোনাভান॥ এতেক মক্কর জান হৈয়া মোছলমান * মক্কা মদীনা আমি কভু দেখি নাই তেরা সাতে কবে দেখা হইল কোন ঠাই * এই সব দমে কত নারী ভুলাইলে॥ তেমন আহমক বুঝি আমাকে পাইলে * মল্লিকা সমর্ত্ত জানে দুজনে ধরিয়া॥ তাহাতে তোমার দেল গিয়াছে বাড়িয়া * বরুন রাজার কন্যা সম্বন্ধে বহিনী॥ হেকমত ধরিলে তারে আমি খুব জানি হানিফা কহেন বিবী ভালত কহিলী॥ তাহার সম্বন্ধে তুমি হৈলে মোর শালি * শালি হয়ে এত তুমি কর লানতান॥ শুনিলে বহিনী তেরা হবে অপমান * তেরা সাতে আরমোর কিসের ঝগড়া॥ বহিনীর সাতে থাক চল খাড়া২ * মোসলমান হও তুমি কলেমা পড়িয়া॥ দুই জনে এক সাতে রবে খুসি হৈয়া * সোনাভান বলে নেড়ে না কর বড়াই॥ এখনি ধরিয়া তুঝে করিব সাজাই * হানিফা কহেন বিবী না কর গুমান এখনি কাটাবে কেন আপনা গর্দ্দান * সোনাভান বলে আইলে আলি পাহালওান॥ তবু না কাটীতে পারে আমার গর্দ্দান * হানিফা কহেন

তুমি তারি বেহেছাব ॥ স্বশুরের নাম ধর সুনিতে খারাব * আমিত
খছম হব তিনিত শ্বস্তুর ॥ শ্বশুরের নাম ধর সওামি হুজুর * একথা
শুনিয়া বিবী গোস্বায় জলিল ॥ আছমান হইতে জেন ঝনঝনা গিরিল
আসিয়া ধরিল বিবী হানিফার কোমর ॥ দুই জনে খেচাখেচি করে বড়া
জোর * মারামারী হুড়া হুড়ী ধরে গলেং ॥ এখন হোরমত কোথা
পাহালওান বলে * গলাগালি কোলা কোলী হইল জখন ॥ আর কিবা
বাকী আছে বলহ এখন * সোনাভান বলে নেড়ে লড়াই করিতে ॥
এবাতে কলঙ্ক নাহী হয় কার জাতে * এই বার বাচ তুমি মউতের
হাতে ॥ সাদীর এরাদা তবে করিবে দেলেতে * এত বলি হানীফার
ধরীল কোমর ॥ ওঠাইয়া যোমাইল ছেরের উপর * বীবী বলে মারী
জদী মারিয়া কাছাড় ॥ খানং হৈয়া জাবে হানীফার হাড় * এবাতে
কলঙ্ক হবে কহীবে সংসারে ॥ আওরত হইয়া মারে মরদের তরে *
এহাকে ফেলীয়া দীব মদীনা সহরে ॥ এত বলে হানীফাকে ফেকে দিল
জোরে * হানীফার তরে আল্লা দেখিলে মুস্কিল ॥ তখনী হুকুম করে
ডাকীয়া জিবরিল ॥ হানীফা শুন্তেতে জায় মদীনা তরফে ॥ সেতাবী
জাইয়া ওছে ধর গিয়া লুফে * মায়ের কোলেতে জেন লাড়কা দুধ
খায় ॥ হানীফাকে সেই মত রেখ মদীনায় * জীবরিল শুনিয়া তবে
ধরে ধীরেং ॥ আছানে রাখিয়া দিল মদীনা সহরে * চেতন পাইয়া
মর্দ্দ দেখে তাকাইয়া ॥ মদীনা সহরে জে কে গেল রাখিয়া * হানিফা
কহেন আল্লা দিলে এত দুখ ॥ কেমনে সবার কাছে দেখাইব মুখ *
কেমনে দেখাবমুখ ভাই বেরাদরে ॥ কি বলে জাইব আমি মায়েরহুজুরে
এই সব ভেবে গুনে দেখিল বিস্তর ॥ আর না জাইব আমি মদীনা সহর
সরম ভরম আল্লা তেরা এক্তেয়ার ॥ হেথা হৈতে তরাইতে কেহ নাই
আর * আওরতের হাতে আমি হইনু সরমেন্দা ॥ বেচে আর কি বা সুখ
হইয়া নামোরদা * আলীর ফরজন্দ আমি রছুলের নাতী ॥ ফাতেমার
বেটা হয়ে করিনু অখ্যাতী * এলাহী মওত জদি দিত এই হালে ॥
ভাবনা আন্দেসা মোর না রহিত দেলে * জা করে এলাহী আল্লা
কপালে আমার ॥ এখনি জাইব ফের টুঙ্গীর সহর * এয়ছা জোরে চলে
জায় কিছুই না মানে ॥ ছয় মাসের পথ মর্দ্দ গেল ছয় দিনে * খানা
পিনঃ নিন্দ কিছু নাহী রাহা পরে ॥ দেখেন দুল্লং চরে রাহার উপরে *
হানীফাকে দেখে ঘোড়া চলিল কুদীয়া ॥ খোসাল হইল মর্দ্দ ঘোড়াকে
দেখিয়া * হাত ফেরাইল ফের দুল দুলের পায় ॥ সওার হইয়া মর্দ্দ

ময়দানেতে জায় ❋ হাকিল হয়দরি হাক হানিফা মর্দ্দানা॥ হাকের আওাজ শুনে কাপে সর্ব্বজনা ❋ কানেতালা লাগে ভাই শুনিয়া সেহাক হাতি ঘোড়া উঠ ভাগে দেখিয়া বিপাক ❋ সোনাভান বসে ছিল তক্তের উপরে॥ বেহুস হইয়া বিবী জমিনেতে গেরে ❋ থোড়া ঘড়ি বাদে কিছু হুস হইল তারে॥ কহিল কি অবতার আইল সহরে ❋ উজির কহিল সেই হানিফা মর্দ্দানা॥ আপনী ফেলিলে জারে সহর মদিনা ❋ ফিরীয়া আইল মর্দ্দ বান্দিয়া কোমর॥ আসিয়া হয়রান করে তামাম সহর ❋ একথা সুনিয়া বিবী ভাবিতে লাগীল॥ হপ্তা রোজে কেমনেতে ফিরীয়া আইল ❋ না হবে হানিফা বুঝি কাজে গেল জানা এখিন জাইব দেখি কেমন মর্দ্দানা ❋ কোমর বান্ধিয়া বিবী এল ময়দানেতে॥ হানিফা আছিল খাড়া পাইল দেখিতে ❋ হানিফা জে সোনভানে দেখিবারে পায়॥ আসিমন লোহার কড়া দিয়া আসে পায় দশ মন লোহার টোপ দিয়াছে মাথায়॥ আটমন লোহার জেরা পিন্দিয়াছে পায় ❋ সোনাভান বলে সোন বিদেশী ছওার॥ কোথা হইতে আইলে তুমি কি নাম তোমার ❋ পাহালওান কহে বিবী নাহি চেন তুমি॥ হানিফা আমার নাম তোমার সওামি ❋ বিবী বলে নেড়ে তেরা না হইল সরম॥ কোন মুখে কথা কহ কিসের ভরম ❋ হানিফা কহেন মেরা সরমে কিকরে॥ টীকিতেনা পারী আমি দেখিয়া তোমারে তোমার লাগিয়া বান বিন্ধীল বুকেতে॥ কেন তুমি দেখা দিলে জেয়ে স্বপনেতে ❋ মিনতি করিয়া গেলে পিছেতে নিদয়া॥ মনে বুঝে দেখ বিবী কে হল বেহায়া ❋ সোনাভান বলে নেড়ে কত জান মায়া॥ চাপড়ে ভাঙ্গিব দাত সুনরে বেহায়া ❋ হানিফা বলেন সুন বেহায়া আওরত॥ বেদাওতে পেয়ে মুঝে বাড়িল হেম্মত ❋ জবান দাবিয়া বাত কহরে বৈতাল॥ নহেত পয়জারে তেরা উঠাইব খাল ❋ সোনা ভান বলে তেরা মদিনা সহর॥ তামাম আইলে পরে কি করিবে মোর জারে তুমি ভয় কর তারে জদি পাই॥ পাহালওানি কারে বলে এখনি সিখাই ❋ হানিফা এবাত সুনে কাপে থর২॥ মারিল তামেচা তার মুখের উপর ❋ এয়ছা জোরে চড় মারে তাহার মুখেতে॥ সামালিতে নারে বিবী গেরে জমিনেতে ❋ মরিবার হাল হৈল নাকেতে নিশাশ দেল থেকে উঠে গেল বাচিবার আস ❋ থোড়া ঘড়ী বাদে কিছু হুস হৈল তারে॥ হানিফা ধরিয়া হাতে তোলে ধিরে২ ❋ কান্দিতে লাগীল বিবী হইয়া আকুল॥ তামাম জাহান দেখে সরিসার ফুল ❋ বিবী বলে

এক চড়ে হইনু কাতর ॥ আজ জে হানিফা মর্দ্দের দেখি বড় জোর *
থোড়া ঘড়ি বাদে বিবী উঠে সামালিয়া ॥ কোমর বান্ধিল বিবী মজবুত
করিয়া * গর্জ্জিয়া উঠিল বিবী জেন সের নর ॥ গোস্বাদেল হয়ে চলে
হানিফা উপর * আছমান জমিন কাপে এয়ছা জোর করে ॥ হাওাতে
মিশিয়া জেয়ে হানিফারে ধরে * হানিফা দেওয়াল তার ধরিল খেচিয়া
দুইজনে হুড়াহুড়ি মস্ত হাল হৈয়া * রাত দিন করে জঙ্গ কিছু নাহি
খায় ॥ এইরূপে আট দিন গোজারিয়া জায় * কেহ কারে নাহি পারে
সমানে সমান ॥ হানিফার আগে গিয়া কহে সোনাভান * মিছে কেন
জঙ্গ করে মরি দুই জন ॥ দোহে বরাবর হব না হবে মরণ * হানিফা
কহেন কেন জঙ্গে ভঙ্গ দেহ ॥ মরদ রাড়ের হাতে হারে নাহি কেহ *
সোনাভান বলে নেড়ে না শুনিলে মানা ॥ বুঝিলাম তোর পরে বিধি
বিড়ম্বনা * এবার কাবুতে পেলে দেখিব তোমারে ॥ একবারে পাঠা-
ইয়া দিব জম ঘরে * সোনাভান বলে নেড়ে মোরে কেবাপারে ॥ শিব
আর জয় কালী আছে মোর ঘরে * তার জোরে লড়ি আমি কারে করি
ভয় ॥ এখনি দেখিবে তেরা নছিবে কি হয় * হানীফা বলিল বিবী
সোন সমাচার ॥ আমি জে বড়াই করি জোরেতে আমার * জখন
হানিফা মর্দ্দ বড়াই করিল ॥ আরসে থাকিয়া আল্লা বেজার হইল *
জিবরিলে কহেন বাত আল্লা পরওার ॥ হানিফা আমার পরে নাহি
রাখে বার * আপনা জোরের মর্দ্দ করিল বড়াই ॥ উচিত মতন ওরে
দিবজে সাজাই * মস্ত হালে লড়ে দোহে কেহ নাহি হারে ॥ সোনা-
ভান গোশ্বা ভরে হানিফারে ধরে * এমন জোরেতে বিবী ধরিল
কোমর ॥ এক বারে উঠাইল মাথার উপর * ঘুমাইয়া ছের পরে
বগলে দাবিয়া ॥ কহিল কাটিব আজি হানিফারে লিয়া * শিব আর জয়
কালি আছে মোর ঘরে ॥ নরবলি দিব আমি তাদের হুজুরে * এতবলি
হানিফারে লিয়া গেল ঘরে ॥ বলিদান দিতে চাহে শিবের হুজুরে *
শিব বলে সোনাভান সুন দিয়া মন ॥ বলিদান দেও তুমি কাহার নন্দন
সোনাভান বলে ঠাকুর করি নিবেদন ॥ হানিফা ইহার নাম আলির
নন্দন * ভাই দোন এমাম যে নাতি রছুলের নরবলি দিতে আনি
আনি এথাতের * শিব বলে সোনাভান সোন শীঘ্র গতি ॥ হজরত
আলির বেটা রছুলের নাতি * এহারে খাইতে দেহ জাহা খেতে চায়
এহারে মারিতে পারে কে আছে দুনিয়ায় * সোনাভান হানীফাকে
বগলে দাবিয়া ॥ জয়কালির নিকটেতে পঁহুছিল জাইয়া * সোনাভান

বলে মাগো সোন জয় কালি ॥ আজ্ঞা কর ওগো মাতা দেই নরবলি *
জয়কালি বলে বিবী সোন সমাচার ॥ নরবলি দিতে চাহ ফরজন্দ কাহার
বিবী বলে নাম এর হানিফা মর্দ্দানা ॥ আলির ফরজন্দ ঘর সহর মদিনা
কালি বলে সোনাভান শুন সমাচার ॥ বরুন রাজার কন্যা মল্লিকা আকার
তাহার সঙ্গেতে মর্দ্দ লড়িয়ে বিস্তর ॥ বন্দ করে রেখেছিল কুণ্ডার ভিতর
খবর পাইয়া আলী আইল তার পিছে ॥ মার২ বলে আইল মহলের
বিচে * শিব দেখে পালাইল আলী পাহালওানে ॥ আমি গিয়া লুকা
ইয়া রহিলাম বনে * বরুন রাজার মেয়ে লইল ধরিয়া ॥ মোছলমান
করে তারে কলেমা পড়াইয়া * সেই আলীর বেটা এই কে খাইবে
ধরে ॥ মনে হৈলে জার নাম কাপি থরে২ * সেই হৈতে পালাইয়া
আইনু এই ঠাই ॥ নাহি জদি শুন তবে হেথা হৈতে জাই * হানিফারে
শিব কালী না করে কবুল ॥ হানিফা দেলেতে ভাবে আল্লাহো
রছুল * কাফেরের হাতে আমি হৈনু পেরেসান ॥ এইবার তরাইয়া
লেহ ছোবহান * মা বাপের সাতে আর না হইল দেখা ॥ মরিব রাড়ের
হাতে এই ছিল লেখা * সোনাভান বলে নেড়ে ভাব কিবা মনে ॥
মদিনা সহরে আর জাইবে কেমনে * দেবির নিকট হৈতে বিদায়
হইল ॥ তেজধার ছুরি বিবী নেকালিয়া নিল * কি কব ছুরীর কথা যেন
হিরার ধার ॥ হানিফা দেখিয়া ছুরি কান্দে জার২ হানিফারে সোনা-
ভান বগলে দাবিয়া ॥ বড় এক ময়দানেতে পঁওছিল জাইয়া * পটকান
মারিয়া তারে ফেলে জমী পরে ॥ বসিল জাইয়া তার ছাতীর উপরে
এমন জোরেতে বসে বুকে লাগে বেথা ॥ কাতর হইয়া হানিফা কহে
এই কথা * একবার ওঠ বিবী এ দুনিয়া দেখি ॥ এ জনমের মত আমি
আল্লা বলে ডাকি * এত বলে পাহালওান কান্দে জার২ ॥ বাপমার সাতে
দেখা না হইল আর * হাসেন হোসেন ভাই কোথায় রহিলে ॥ দেখা
জদি দিতে ভাই মউতের কালে * এতেক বলিয়া মর্দ্দ লাগিল কান্দিতে
সোনাভান ছুরি তার ধরিল গলাতে * আছমান জমীন কান্দে হয়ে
জারে জার ॥ গাছ পালা আদি কান্দে জতেক জানওার * পসু পক্ষি
গন কান্দে হইয়া অস্থির ॥ দরিয়ার জানওার কান্দে হাঙ্গর কুম্ভির *
হানিফার গলে ছুরি চাহে চালাইতে ॥ না কাটে পশম এক আল্লার
কুদরতে * বহুত হেকমত করে দেখে সোনাভান ॥ না পারিয়া ফিরে
বিবী হয়ে পেরেসান * হানিফা একেলা পড়ে রহিল ময়দানে ॥
আল্লাকে ইয়াদ মর্দ্দ করে মনে২ * এলাহী আলমিন আল্লা ছাহেব

কামাল ॥ আওরতের হাতে আমি হইনু বেহাল * আপনি মেহের করে বাচাও আমারে ॥ নহেত ভেজিয়া দেহ আলি জোরওয়ারে * হাসেন হোসেন দোন পায় সমাচার ॥ আসিয়া তল্লাস জেন করেন আমার * পওছায় খবর আজি বিবী ফাতেমারে ॥ ফাতেমা আমার মাতা মদিনা সহরে * মরি কিবা বাচী আমি তাহে নাই দুখ ॥ জনমের মত দেখী সবাকার মূখ * এই রূপে মনাজাত করে পাহালওান এলাহী জিবরীলে ডেকে করেন ফরমান * রছুলের বেটী জেন দেখে স্বপনেতে ॥ হানিফা বেহালে আছে ফলানা মাঠেতে * সেতাবী তল্লাস জেন করে হানিফার ॥ এই ঘড়ি দেও গিয়া এই সমাচার * জিবরীল সুনিয়া ভেজে আর ফেরেস্তায় ॥ স্বপন দেখাইয়া আইস বিবী ফাতেমায় * হানিফার রূপ ধরে ফেরেস্তা চলিল ॥ স্বপনে বিবীর আগে কহিতে লাগিল * সুন২ আম্মাজিউ কহী জে তোমারে ॥ না কহিয়া আইনু আমী টুঙ্গির সহরে * সোনাভান এসে মুঝে জোরেতে ধরিয়া ॥ হুলকুম উপরে ছুরি দিল চালাইয়া * আল্লার মেহের বলে বাচি আমী ভাই ॥ নহে মরিতাম আমী দেখা হৈত নাই * দেখিতে এরাদা জদী থাকেত আমায় ॥ দোস্ত আর বেরাদরে কহিবে সবায় * আপনী করিবে দোওা সোন মা খাতুন ॥ স্বপনেতে কয়ে গেহু এ সব কথন * ফাতেমা জোহরা বিবী চেতন পাইয়া ॥ উঠীয়া না দেখে কারে তল্লাস করিয়া * স্বপন দেখিয়া বিবী কান্দে জারে জার ॥ কী হইবে কেবা জাবে তাল্লাসে বাছার * আহারে হানীফা বাছা নয়নের তারা ॥ হাসেন হোছেন শুনে কি কহীবে তারা * হজরত আলীকে আমী কি বলে কহীব ॥ বিদ্দিল বরসা মুঝে কেমনে ছাড়াব * এলাহী ভরসা বিনে আর নাহি চারা ॥ সুখনায় ডুবিল বুঝি মানিকের ভরা * আফছোছ করিয়া মাতা করে হায়২ ॥ হাসেন হোছেন দোন স্থনিবারে পায় * দোন ভাই বলে মামা কেন কর খেদ ॥ ফাতেমা বেটার আগে কহে সব ভেদ * দোন ভাই কহে মাম্মা কেমনে জানিলে ॥ খোওাবে দেখিনু আমি আজ রাত কালে * একথা সুনিল জদি ভাই দুই জন ভাই২ বলে দোহে করেন রোদন * কান্দিতে২ দোন বাহিরেতে জায় আহারে হানিফা ভাই রহিলে কোথায় * হায়২ করে দোন লাগিল কান্দিতে॥ মছজেদে থাকিয়া আলী পাইল সুনীতে * বাহিরে আসিয়া পুছে দোন এমামেরে ॥ কহিল তামাম বাত বাপের হুজুরে * সুনিয়া হজরত আলি গেল মহলেতে ॥ ফাতেমার আগে বাত লাগিল কহিতে

ফাতেমা আলীর আগে কারণ জাহীর ॥ শুনিয়া কলেজায় লাগে আফ ছোছের তীর * কান্দেন হজরত আলীহানীফার তরে ॥ বার২ পেরে সান করিলে আমারে * কি হইবে কোথা জাব কে জাবে তল্লাসে ॥ সমাচার কিসে পাব কেবা দীবে এসে * কান্দনা শুনিয়া সবে পুছিল আলীকে ॥ সুনিয়া হজরত আলী কহে একে২ *সকলে কহিল সাহেব কহি কদমেতে ॥ টুঙ্গীর সহরে জাব তল্লাস করিতে * কোমর বান্ধিয়া আলী কহে এই বাত ॥ রছুলের গোরে গীয়া কর মনাজাত * দোওা কর মহাম্মদ রছুল করিম ॥ ঘটীয়াছে আমা পরে মুস্কিল আজীম * কবরের ধুলা সবে মলে নাক মুখে ॥ ফতে জেন পাই মোরা বল সব লোকে * তার পরে জায় সবে জতেক লস্কর ॥ ঘোড়ায় সওার হয়ে টুঙ্গীর সহর * আপনি হজরত আলী হইয়া সওার বেটার তল্লাসে জেতে হৈল রাহাদার * হাছেন হোছেন দোন বান্ধিল কোমর ॥ ঘোড়ায় চড়িয়া জায় টুঙ্গীর সহর * এইরূপে মদীনাতে জে কেহ আছিল হানীফার তল্লাসেতে সকলে চলিল * মঞ্জেল২ রাহা জায় কত দিন টুঙ্গীর ময়দানে গেল জতেক মমীন * নজর করিয়া সবে দেখে তাকাইয়া ॥ জমীনে হানীফা মর্দ্দ রয়েছে শুইয়া * হানীফারে কোলে লিল আলী জোরওারে ॥ সেতাবী আনীয়া দিল ফাতেমা হুজুরে * ফাতেমা দেখিয়া হাল করে হায় হায় ॥ কে দিল এতেক দুখ ধরিয়া তোমায় হাছেন হোছেন কান্দে বলে ভাই২ ॥ কহিল এখনী চল মদীনাতে জাই * কহিল হজরত আলী কে মারীল তোরে ॥ ময়দানে পাইলে তারে দেই জম ঘরে * ফাতেমা কহেন সাহা গোশ্বা নাহি হও ॥ আপনি বাছাকে লীয়া মদীনাতে জাও * এতেক শুনিয়া সবে ফেরে সেথা হৈতে ॥ রওানা হইল সবে মদীনা জাইতে * কত দিন চলিল সবে রাহের উপর । আসিয়া পঁঙছিল সবে মদিনা সহর * মদীনাতে কত দিন গোজারীয়া জায় ॥ মহাম্মদ হানীফা মর্দ্দ মায়ের আগে কয় বিদায় দাওগো মাতা দেল খোসালীতে ॥ টুঙ্গীর সহরে জাই লড়াই করিতে * ফাতেমা কহেন বাবা খাও খানা পীনা ॥ লড়ায়ে জাইতে ভুঝে কে করিবে মনা * খানা পীনা খেয়ে মর্দ্দ তৈয়ার হইল ॥ ভাই বেরাদর আগে বীদায় হইল * ঘোড়ার উপরে মর্দ্দ সওার হইয়া আরবার মায়ের আগে পঁঙছিল জাইয়া * হানীফা মায়ের আগে করিল ছালাম ॥ দোওা কর নবীর বেটী পড়িয়া কালাম * বাহিরে আইল মর্দ্দ হইয়া বীদায় ॥ টুঙ্গীর সহরে জান চড়ীয়া ঘোড়ায় *

এলাহী ভাবীয়া জায় দেল পেরেসান ॥ নাগনে দেখিতে পায় বড়ই ময়দান ❋ ময়দানে২ মর্দ্দ নেকালীয়া জায় ॥ কত দুরে গিয়া বসে গাছের তলায় ❋ সেখানে বসিয়া মর্দ্দ ভাবে মনে মন ॥ সোনাভান নাম তার হইল সরন ❋ দেলেতে আফছোছ করে হয়ে পেরেশান ॥ খানা নাহী দীব ধড়ে থাকিতে এ জান ❋ কেমন সে সোনাভান দেখিব তাহায় এবার আমার আগে কেয়ছা ফত্তে পায় ❋ একথা বলিয়া হানীফা গর্জ্জিয়া উঠীল ॥ হাক দিয়া ঘোড়া পরে সওার হইল ❋ মার২ বলিয়া মর্দ্দ উঠাইল ঘোড়া ॥ টুঙ্গীর সহর বীচে জাইয়া হৈল খাড়া❋এয়ছাহাক মেরে চলে হানীফা মহাবলি ॥ জত লোক সোনে তার কানে লাগে তালী ❋ জোর করে জায় মর্দ্দ কুদীয়া২ ॥ টুঙ্গীর সহরে মর্দ্দ পঔছিল জাইয়া ❋ সহরে জাইয়া মর্দ্দ মারে এক হাক ॥ গাধা ঘোড়া উট ভাগে দেখিয়া বিপাক ❋ হাকের আওাজ তার জায় সোল কোস ॥ জে কেহ শুনিল হাক ছাড়া হৈল হুস ❋ আরবার হৈদরী হাক হাকে পাহাল ওান ॥ তফাতে থাকিয়া সুনে বিবী সোনাভান ❋ সোনাভান বলে মোরে একী জালা হৈল ॥ নেড়ে মোছলমান বুঝি আবার আইল এইরূপে কহা সোনা করে সোনাভান ॥ দরজায় আসিয়া খাড়া হৈল পাহালওান ❋ দরজায় আসিয়া মর্দ্দ গোস্বায় জলিল ॥ লাত্ত মেরে পাহালওান কেওাড় ভাঙ্গিল ❋ হানীফা হাকীল ফের সোনাভান বলিয়া ॥ সোনাভান সুনিয়া হাক উঠিল জলিয়া ❋ বীবী বলে দেখ দাসী বাহিরে জাইয়া ॥ দেখ কোন মর্দ্দ ডাকে সোনাভান বলিয়া কি জানী বালাই ফের কোথা হইতে আইল ॥ কোমর বান্ধিয়া মুখে দেখা দীতে হৈল ❋ একথা বলিয়া বিবী করিল গমন ॥ হানীফার আগে গিয়া দিল দরশন ❋ হানীফায় গোস্বা দাসী নজরে দেখিয়া সোনাভানের আগে গিয়া কহিল আসিয়া ❋ দাসী কহে সোনাভান প্রান গেল উড়ে ॥ দরওাজায় আসিয়া খাড়া মক্যার সেই নেড়ে ❋ হজরত আলীর বেটা হানীফা মর্দ্দনা ॥ লড়িতে আইল ফের কাজে গেল জানা ❋ একথা শুনিয়া বিবী বড় গোস্বা হৈল ॥ কোমর বন্ধিয়া ফের বাহিরে আইল ❋ হাজার মনের গোর্জ্জ লিল ওঠাইয়া ॥ দশ মন লোহার টোপ ছের পরে দিয়া ❋ মার২ বলিয়া বিবী গোস্বায় হাকিল দেখিয়া হানীফা মর্দ্দ কুদীয়া উঠিল ❋ হানিফা কহেন বিবী আসিয়াছি ফীরে ॥ আজিকার জঙ্গে আমী দেখিব তোমারে ❋ সেই দীন পাড়ীয়াছীনু এলাহির সাপে ॥ নহেত আমার সাতে পারে কার বাপে

সোনাভান বলে নেড়ে এত জোর ধর ॥ শুনিয়া আমার নাম এছা হাক মার * আমার দরওয়াজা তোড় মেরে একলাত ॥ কোন জোরে কহ ফের তকব্বরি বাত। হানিফা বলেন বিবী ডর কি তোমায় ॥ দাসি জে করিয়া তুঝে বসাইব বায় * সোনাভান বলে নেড়ে দেখিব এবারে বেহার সাদ মেটাইব জয়কালির বরে * হানিফা বলেন এবে দেখিব তোমারে ॥ সাদি জে করিব তুঝে আল্লা জদি করে * সোনাভান বলে তবে আগে আইস তুমি ॥ আজি তেরা বেহার সাধ মেটাইব আমি * একথা বলিয়া বিবী গর্জ্জিয়া উঠিল ॥ সেকার উপরে জেন বাঘিনী ছুটিল * মার২ বলে বিবী সুরু কৈল রন ॥ হানিফা বলেন আল্লা এ দেখি কেমন * কিছুই না বলে বিবী ঘোরে জেয়ছা চাক ॥ হানিফার কাছে এসে মারে একহাক * এছা জোরে হাক মারে বিবী জে আপনি হানিফার জান লিয়া হৈল টাটাটানি * এইরুবে সোনাভান চারিদিকে ঘোরে ॥ হানিফা বলেন আল্লা কি হইল মোরে * দাঙতে পাইয়া তারে বিবী সোনাভান ॥ হানিফার কোমর ধরে মারে এক টান * হানিফারে উঠাইল আপনার জোরে ॥ শুন্তভরে ঘোমাইল ছেরের উপরে * মাথার উপরে চাহে মারিতে কাছাড় ॥ বারেবারে আসে নেড়ে চুর্ণ করি হাড় * পটকান মারিতে বিবী ভাবে মনে মনে ॥ দুইবার বাচিল জে ফাতেমার নন্দন * নারি হৈয়া যদি আমি আছাড়িয়া মারি ॥ লোকেতে বলিবে মন্দ পুরুস বধ নারি * সোনাভান বলে নেড়ে না লড়িবে আর ॥ এহাতে কলঙ্ক কিছু না হবে তোমার * শুন্যেতে থাকিয়া হানিফা কহে এই বাত ॥ না ছাড়িব জঙ্গ আমি থাকিতে হায়াত * আসক হইয়া আইনু টুঙ্গির সহরে ॥ আল্লার হুকুমে সাদি করিব তোমারে * সোনাভান বলে সোন সাহা আলির বেটা ॥ জোরে তুমি যেমন তেমন কথার বড় ঘটা * তবে নাম সোনাভান খেয়াতি রাখিব ॥ সিন্দুকে ভরিয়া তুঝে দরিয়ায় ডালিব * লোহার সিন্দুক বিবি আনে টান দিয়া ॥ সিন্দুকের মধ্যে তারে রাখিল পুরিয়া * সিন্দুকের কুঞ্জি তালা দিলেক আটিয়া ॥ কহর দরিয়া মাঝে দিল ভাসাইয়া * দরিয়ার বিচে হানিফা ভাসিতে লাগিল ॥ খোয়াজ খেজের তাহা দেখিতে পাইল * হানিফা দরিয়া বিচে মারা জদি জায় ॥ কান্দিবে মদিনার লোক করে হায়২ * ফাতেমা আসিয়া যদি এই বাত পুছে ॥ কি বলে জওাব আমি দিব তার কাছে * এতেক ভাবিয়া তবে সিন্দুক

❋ ঌ ❋

ধরিল॥ সিন্দুক সমেত তারে কোলে ওঠাইল ❋ সিন্দুক থাকিয়া হানিফা আল্লা২ বলে॥ খোওাজখেজের বলে বৈস মোর কোলে ❋ খাতেরজমা বৈস মর্দ্দ সিন্দুক ভিতর॥ কিবা ছার নারি দেখে হইলে কাতর ❋ ভুলিয়া আল্লার নাম দুখ পাইলে এত॥ সোনাভান পরে তুমি এত হলে রত ❋ আল্লার রহম আছে তোমার উপর॥ দরিয়াতে না মরিবে সুন সে খবর ❋ এই মত কথা যত বলিল খোয়াজ॥ হানি-ফার কানে তার পৌছিল আওাজ ❋ হানিফা আরজ করে খোওাজের পায়॥ কে তুমি আমার কাছে কহনা আমায় ❋ আমার কপালে আল্লা এই লিখেছিল॥ কহর দরিয়ায় বুঝি মওত হইল॥ খোয়াজ কহেন বাবা না ভাবিও তুমি॥ আল্লার রাহেতে পোস্তপানা আছি আমি ❋ জানিবে-আমার নাম খোওাজখেজের॥ আমার কোলেতে আছ ভাবনা কিসের ❋ এইরুপে বাতচিত করে দুই জন॥ হেথায় ফাতেমা বিবি দেখিল সপন॥ সপনে দেখিয়া বিবি ওঠে চমকিয়া॥ আন্দেসা করেন বিবি এলাহি ভাবিয়া ❋ দোন আখে আছু ঝরে হানিফা লাগিয়া॥ কি হইবে কোথা জাব কে দিবে আনিয়া ❋ কান্দিয়া আলীর আগে কহে সমাচার॥ শুনিয়া হজরত আলী হৈল বেকারার ❋ বারেবার দুক্ষ দেয় সোনাভান নারী॥ ভাসাইয়া দিব তারে এত্তা বরাজুরি ❋ কহর দরিয়া মাঝে সিন্দুকের বিচে॥ না জানি হানিফা মর্দ্দ কোন হালে-আছে লোহার সিন্দুক বিচে হানিফারে রাখে॥ কুঞ্জি দিয়া ভাসাইল সপনেতে দেখে ❋ রওজা মোবারকে গিয়া কহে এই বাত॥ দোওা কর হানিফার বাড়ুক হায়াত ❋ গায়েব আওাজ দিয়া বলিল রছুল॥ আল্লার দরগায় তেরা মোনাজাত কবুল ❋ ওমার দারাজ তার ছালা-মতে আছে॥ তাল্লাস করিতে সবে জাও তার কাছে ❋ হেন কালে আইল দোন হাছেন হোছেন॥ হানিফার বাত জত আলিকে পুছেন কহিল হজরত আলী দোন এমামেরে॥ মহাম্মদ হানিফা গেল টুঙ্গির সহরে ❋ হানিফা লড়িতে ছিল সোনাভানের সাতে॥ হানিফাকে ধরে বিবী ভরে সিন্দুকেতে ❋ সিন্দুকে ভরিয়া তারে ফেলে দরিয়ায়॥ কহর দরিয়ার বিচে ভাসিয়া বেড়ায় ❋ ছালামতে আছে মর্দ্দ আল্লার দোওায়॥ টুঙ্গির সহরে গিয়া ঠেকিয়াছে দায় ❋ হাছেন হোছেন সুনে করে হায় ২॥ কেমনে পাইব মোরা দেখিতে তাহায় ❋ আলী কহিলেন আমি সেই দেশে জাব॥ হানিফা কোথায় আছে নজরে দেখিব ❋ একথা বলিয়া আলী কান্দে জারে জার॥ দোন ভাই বলে

বাবা না কান্দিও আর * হানিফার তল্লাসে লোক পাঠাইব আমি ॥ তাহার কারণে আর না কান্দহ তুমি * বলেন হজরত আলী দোন এমামেমে মল্লিকা সমর্ত্তভান আর জৈগুনেরে * পাঠাইয়া দিব সবে টুঙ্গির সহর থাড়া২ হানিফার সইবে খবর * আওরতের সাতে জঙ্গ আরতের কাম ॥ আমি জদি লড়ি তবে হইবে বদনাম * এ কথা সুনিয়া দোন করিল গমন ॥ প্রথমে মল্লিকার আগে দিল দরশন * এমাম কহেন শুন মল্লিকা আকার ॥ বিদেশেতে মরে বুঝি খছম তোমার * আপনার খুবি চাহ জাহ নেকলিয়া ॥ হানিফারে আন গিয়া তল্লাস করিয়া * মল্লিকা কান্দিয়া কহে ভাই দুই জনে ॥ খছম মরিল মোর জানিলে কেমনে * মল্লিকারে কহেন বাত হাসেন হোসেন ॥ আমার মাতারি বিবী স্বপনে দেখেন * তাহার জবানি সুনে আইনু চলিয়া ॥ সেতাবি খবর লেও তোমরা জাইয়া * একথা সুনিয়া বিবী ছাড়িল ঘর বাড়ি বিবী ফাতেমার বাড়ি গেল দড়বড়ি * এমাম হোছেন কহে সোন গিয়া তুমি ॥ সেতাবি সমর্ত্তভানে ডেকে আনি আমি * একথা সুনিয়া দোন করিল গমন ॥ সমর্ত্তভানের আগেগিয়া দিল দরশন*অধিন রচিল পুথি রছুলের পায় ॥ কোমতে তরাইবে আপনি খোদায় *

পয়ার* হানিফারে দেখে সবে কান্দে জারেজার ॥ এত দুক্ষ ছিল সাহেব কপালে তোমার * হানিফা কহেন তোমরা জাও সবে ঘরে আরবার লড়িব আমি আল্লা জাহা করে * মল্লিকা কহেন সাহেব না হবে বেজার ॥ সোনাভানে দেখি মোরা কেয়ছা জোরওার * কহিল সমর্ত্তভান মল্লিকা হুজুরে ॥ সোনাভানে দেখে জাব মদিনা সহরে* তার পরে কহে তবে জৈগুন সুন্দর॥ বড় জোর ধরে সেই সোনাভান নারি * কহিল সমর্ত্তভান এত জোর রাখে ॥ আমার সওামি মারে ডর নাহি তাকে * তবে নাম সমর্ত্তভান আলমে রাখিব ॥ বাম হাতে ধরে খোপা টানিয়া ছিড়িব * এহা জদি নাহি করি আপনার বলে বাপের পয়দাস আমি নাহি কোনকালে * এই কথা বলে সবে হয়ে একাস্তর॥ জাইয়া ফিরীল সবে সোনাভানের ঘর * জাইয়া কহিল বিবী মল্লিকা আকার ॥ বাহিরে আসিয়া দেখ বহিন তোমার * কালকের ছুড়ি তুমি হয়েছে জওান ॥ আসিয়াছি মোরা সবে দেখ বিদ্যমান * তুমিত বেগানা নহ মামাত বহিনী ॥ কি হালেতে আছ বিবি কহ দেখি সুনি * সোনাভান বলে নেড়ে নাহি তোরে ॥ পরিচয় দাও নহে ফিরে জাহ ঘরে * মল্লিকা কহেন তবে সোন সমাচার ॥ জম

রাজার কন্যা আমি মল্লিকা আকার * সোনাভান কহে তুমি যেসরম হৈয়া ॥ কুটুম্ব হইয়া এলে কেমন করিয়া * জমরাজার ঘরে হৈলুনানে রাজার বেটি ॥ নিচু ঘরে জাত দিলে খোয় মাংস রুটি * মল্লিকা কহেন আমি মজাইনু জাতি ॥ বুঝিনু যে সোনাভান তুই বড় সতি * আসি য়াছি মোরা সব তোমার লাগিয়া ॥ বাহিরেতে আইস তুরে জাইব দেখিয়া * মেয়ে হয়ে মরদের গলে দাও ছুরি ॥ কত জোর রাখ দেখি সোনাভান নারি * সোনাভান বাত শুনে জ্বলিয়া উঠিল ॥ গোস্বায় মল্লিকা আগে যাইয়া পঁহুছিল * সোনাভান বলে তোর কথায় জলে গা ॥ তোরমত কত দাসি দাবে মোর পা * গোশ্বা হৈয়া সোনাভান এই কথা বলে ॥ মল্লিকা শুনিয়া বাত চড় মারে গালে * চড় খেয়ে সোনাভানে দৌড়ে ধরে গলা ॥ মল্লিকা বলেন আল্লা একি হৈল জালা * হাতাহাতী করে দোন লড়ে জেন জম ॥ মস্তহালে লড়ে দোন কেহ নহে কম * এইমত লড়ে দোন কিছুই না খায় ॥ এয়ছাই বাইস রোজ গোজারিয়া জায় * জৈগুন হাকিয়া বলে মল্লিকারে বাত ॥ আর না লড়িবে তুমি সোনাভানের সাত * লড়িতে জাইব আমি স্মরা করে খোদায় ॥ চুল ধরে লিয়া তুলে জাব মদিনায় * এতেক বলিয়া বিবী কোমর বান্ধিল ॥ সোনাভানের আগে গিয়া হাজের হইল * জৈগুন কহিল হেকে সোন সোনাভান ॥ কলেমা পড়িয়া তুমি হও মুসলমান * সোনাভান বলে বিবী সোনগো জৈগুণ ॥ তোমার কথায় মোর জলিল আগুন * একথা বলিয়া বিবী গর্জ্জিয়া উঠিল ॥ হরিনি উপরে জেন বাঘিনী ছুটিল * হাতাহাতী করে দোন কেহ নাহি ছাড়ে ॥ বাঘ আর মহিসেতে দুইজনে লড়ে * এইরূপে লড়ে দোন কিছুই না খায় রাত দিন আট রোজ গোজারিয়া জায় * রাত দিন লড়ে দোন হয়ে গলাগলি ॥ দেখিয়া গর্জ্জিয়া উঠে সমর্ত্তভান বলি * সমর্ত্তভান কহে তুমি সোনগো জৈগুন ॥ তোমার লড়াই দেখে জলিল আগুন * কি প্রকার লড় তুমি বুঝিতে না পারি ॥ দুই জানের সাতে লড়ে সোনাভান নারী * সোনাভান শুনিয়া কথা উঠিল জলিয়া ॥ সমর্ত্তভানের তরে কহে ডাক দিয়া * তুমি জদি সমর্ত্তভান এত জোর রাখ ॥ এদেরে পাঠায়ে দিয়ে ঘরে বসে থাক * খিমার ভিতরে তুমি রহিলে বসিয়া ॥ মিছা সাট কর খালি ঘরেতে রহিয়া * সমর্ত্তভান বলে আমি সহিতে না পারি ॥ জেই বাত বলে মোরে সোনাভান নারী * একথা কহিয়া বিবী হইল তৈয়ার ॥ [illegible] বান্ধিয়া গেল নিকটে তাহার

আল্লাকে এয়াদ করে চলিল ময়দানে ॥ জৈগুন ফিরিয়া আইল হানিফা জেখানে ※ আসিয়া ধরিল বিবী সোনাভানের তরে ॥ বাঘের শিকার জেন ছাগল উপরে ※ আল্লার নামেতে তার হয়ে গেল জয় ॥ জোরেতে ধরিয়া তারে মারিয়া গেরায় ※ হানিফা কান্দিয়া বলে সমর্ত্তভান তরে ॥ জার তরে এত দুক্ষ খুন কৈলে তারে ※ সোনাভান আজ জদি মরে একবারে ॥ সোনাভান মরীলে আমি বেহা করি কারে ※ মল্লিকা দেখিয়া কহে সমর্ত্ত ভানেরে ॥ জার তরে এত দুক্ষ খুন কৈলে তারে ※ সওামি আসক হয়ে লড়ে বারেবার ॥ মাস্তুকে মারিলে তার হব গোনাগার ※ মল্লিকার কথা শুনি হুসিয়ার হইল ॥ সোনাভানের তরে তবে কহিতে লাগিল ※ কি হইবে সোনাভান কহগো আমারে সওামি আসক আছে তোমার উপরে ※ খুসিহালে হও জদি সওামির পীয়ারি ॥ তবে ত তোমার তরে নাহি আমি মারি ※ সোনাভান বলে বিবী কহিজে তোমায় ॥ নবির কলেমা তোমরা পড়াও আমায় ※ কলেমা পড়িয়া আমি দাসী হয়ে রব ॥ তোমাদের সাতে আমি মদি-নাতে জাব ※ একথা শুনিয়া পরে খোসাল হইল ॥ হানিফার কাছে সবে জাইয়া কহিল ※ সোন২ পাহালওান মোবারক বাদী ॥ সোনাভান কবুল আছে দিব তোমার সাদী ※ হানিফা কহেন সোন সমর্ত্ত ভান বিবী ॥ সোনাভানের পাসে বৈস দেখা জাউক খুবি ※ বাঘের মতন চোক আড়ে২ চায় ॥ সোনাভানে দেখে মোর প্রান উড়ে জায় ※ একথা সুনিয়া তারা হাসিয়া উঠিল ॥ সোনাভানের চারি দিকে ঘিরিয়া বসিল তিন বিবী আরজ করে হাত ওঠাইয়া ॥ হুজুরের কাজি আল্লা দেহ পাঠাইয়া ※ কবুল হইল দোওা আল্লার দরগার ॥ হানীফার সাদি দিতে ফেরেস্তা পাঠায় ※ আসা হাতে খেলকা গায় আইল একজন ॥ হানিফার কাছে গিয়া দিল দরশন ※ ফকির জানিয়া হানিফা ছালাম জানায় ॥ দোওা করে জিবরাইল দস্ত দিয়া গায় ※ ফকিরের আগে মর্দ্দ কহে তাকাইয়া ॥ আপনি আমার সাদী দেহ পড়াইয়া ※ এ কথা শুনিয়া পীর কলেমা পড়ায় ॥ বুড়িকে ডাকিয়া মর্দ্দ এই বাত কয় ※ বাদসাই করহ বুড়ি তক্ত পরে বৈসে ॥ আমরা চলিয়া জাই আপনার দেশে ※ সোনাভানে লয়ে সবে করিল গমন ॥ মদীনা সহরে গিয়া দিল দরশন ※ আল্লা২ বল সবে জত মমিনগন ॥ তামাম হৈল পুথি শোন সর্ব্বজন ※

※ ইতি তামাম সোদ ※

কেতাবের বিজ্ঞাপন।

দাওয়াতে মছনুনা	*	কেমামাজি নারী
তাজ ছোলেমানী	*	তেলেছমাত ছোলেমানী
নেয়ামতে দুনিয়া	*	চামানে নাওবাহার
ফানায় দুনিয়া	*	ছাখাওত নামা
কমলাপরী জানেজাহা	*	সেখ ফরিদ
সাহাজাদার পুথী	*	দেল দেওানা
এলাজল ফোকারা	*	মেছবাহল এছলাম
নলিতার পুথী	*	খএর বরকত
চৌদ্দ উজির	*	জিন্নতল কুঞ্জি
আহকামল মোছলেমিন	*	দেও নামা
সুরুজ জামালগাজী	*	নক্সে ছোলেমানী
হাদিছ আরবাইন	*	ছহি তালেনামা
আখের জমানা	*	নছিহতন্নেছা
দুলা দুলহেনের খেলা	*	পীলতন রোস্তম
আজাএবল ওজুদ	*	ছেরাতল মোমনিন
হেরজে ছোলেমানী	*	রশন্নেছা
তজহিজ তকফিন	*	বিরাগুরু
ওম্মর ওম্মিয়া	*	হীরক খনি
আহকামচ্ছালাত	*	খএবর জঙ্গনামা
মৌলুদ শরিফ	*	কেচ্ছাছল আম্বিয়া
আজাএব ছোলেমানী	*	শরেবেকোয়া
কটু মিঞা	*	আলেফ লাএলা
মওত্ত নামা	*	কেয়ামত নামা

আমার দোকানে আরবী, ফারছী, উর্দ্দু, বাঙ্গালা পুথী পুস্তক ও স্কুলের পাঠ্য বই, শ্রীহট্ট নাগরী মাদ্রাসার কেতাবাদি অতি সুলভ মূল্যে পাওয়া যায়, পত্র লেখিলে ভি পিতে ও অতি সুলভ দরে শীঘ্রই পাঠাইয়া থাকি পরীক্ষা প্রার্থণীয়।

অলিউল্লা মতওল্লী চওকের মসজিদ

ঢাকা—উক্ত মসজিদের নীচে কেতাবের দোকান।